

৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালন করুন

কল্যাণীর প্রাকৃতিক পরিবেশ রক্ষায় কিছু কথা

গ্লোবাল ওয়ার্মিং বা বিশ্ব উষ্ণায়ন শব্দগুলোর সাথে আজকাল আমরা সবাই পরিচিত এবং এর প্রভাব পেতে শুরু করেছি। পৃথিবীর Rain Forest বা বৃষ্টি বনগুলোর (বোর্নিও,আমাজন আফ্রিকা ইত্যাদি) পৃথিবীর ফুসফুস। একটি শহরের বৃক্ষসম্পদ সেই শহরের ফুসফুস এবং জলসম্পদ তার কিডনি।

বিশ্ব উষ্ণায়নে কলকারখানা ও সমস্ত প্রকার যানবাহন শুধুমাত্র কারণ নয়, কারণ বনাঞ্চল ধ্বংস, দ্রুত নগরায়ণ, বৃক্ষ নিধন ও রেইন ফরেস্টগুলোকে ধ্বংস করা এবং জলাভূমি ভরাট করা।

আমরা কিছু মানুষ গোটা পৃথিবীর এই ধ্বংস লীলা হয়তো আটকাতে পারবো না, কিন্তু যে শহরে আমরা বসবাস করি তার প্রাকৃতিক সম্পদ - গাছপালা,জলাশয় ও জীববৈচিত্র্য ইত্যাদি আমরা রক্ষা করতে সক্ষম।

কল্যাণী গার্ডেন সিটি বা বৃক্ষনগরী নামে পরিচিত। ডা. বিধান চন্দ্র রায় - এর পরিকল্পনায় এই শহর তৈরি। বাংলায় তাঁর প্রচেষ্টায় সুপরিষ্কৃত দুটি শহর তৈরি হয়েছিল - কল্যাণী ও দুর্গাপুর। ২০০৯ সালে কল্যাণী National Urban Water Award পেয়েছিল যা আমরা প্রায় সবাই জানি। এই রকম একটি সুন্দর শহরের প্রকৃতিকে বেশ কয়েকবছর ধরে ধীরে ধীরে ধ্বংসের দিকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। সকলের কাছে আবেদন রাখছি বিষয়টি নিয়ে কিছু করার। নিচে কিছু সমস্যা তুলে ধরছি ---

১.বিজ্ঞান দরবার সংস্থার এক অভিযোগের ভিত্তিতে কল্যাণী পৌরসভা ২০১৫ সালে একটিচিঠি (Memo No.1915/K.M. Dated 02..04.2015)দিয়ে জানায় কল্যাণী লেকে [কল্যাণী পৌরসভার কাছে] ২০১৪ সালে বাণ্ডাইভারসিটি ব্যবস্থাপনা কমিটির অনুসন্ধান অনুযায়ী এই অঞ্চলে প্রচুর পরিমাণে পরিযায়ী পাখি আসে। এই লেকে একটি পক্ষিরালয় (বার্ড স্যানচুয়ারী) ও একটি বিনোদন উদ্যান তৈরি হবে যা আজকে বাস্তবাকিন্তু খুব স্বাভাবিককারণে যেখানে বিনোদন [লেকে Speed Boat ,toy train, mikeবাজিয়ে পিকনিক ইত্যাদি] সেখানে পাখি আদৌ আসবে না এবং সেই জন্যই আজ পরিযায়ী পাখিদের সংখ্যা মারাত্মক ভাবে কমে গেছে।

২.কল্যাণী থেকে ৪১ বছর ধরে প্রকাশিত জনবিজ্ঞান ও জনবিজ্ঞান বিষয়ক পাক্ষিক পত্রিকা প্রগতি বার্তা - এর এক রিপোর্ট অনুযায়ী কল্যাণী শহরের রাস্তার ধারে বিশাল বিশাল তরতাজা গাছগুলো (বিশেষ করে শিরিষ গাছ) হঠাৎ মারা যাচ্ছে উদাহরণ : -ক.২নংবজারের কাছে তিনটি বিশাল গাছ, খ. মনিমালা পার্ক বি-৭ এবং সেন্ট্রাল পার্কের কাছে বিশাল গাছ এবং আরও বেশ কিছুবড় বড় গাছ এভাবে মারা যাচ্ছে।

৩.কল্যাণী শহরের রাস্তার ধারে ফুটপাথ বাঁধাই এবং গাছের গোড়া বাঁধাই করে দেওয়া গাছেদের ক্ষতি ডেকে আনছে।গাছগুলির বৃদ্ধি ঠিকমত হচ্ছে না।পার্কের সবুজ ধ্বংস করে নির্মান কার্য বন্ধ করা।

৪.কল্যাণী শহরে নির্মীয়ান বেশির ভাগ ফ্লাটগুলো নিয়ম না মেনেতৈরি করা হচ্ছে। এর ফলে প্রচুর বৃক্ষ নিধন ও জৈব বৈচিত্র্য নষ্ট হচ্ছে।

পৌরসভা ও প্রশাসনের কাছে আমাদের আবেদন ঐ বৃক্ষগুলির মৃত্যুর কারণ অনুসন্ধান করা ও তার প্রতিকারের ব্যবস্থা নেওয়া।জনসংখ্যা বৃদ্ধির অনুপাতে বৃক্ষরোপন করা এবং ফ্লাট তৈরির নিয়মগুলি যথাযথ মেনে চলা হচ্ছে কিনা তা মনিটরিং করা।

আসুন,আমরা সকলে মিলে কল্যাণী শহরের পরিবেশকে নির্মল ও দূষণ মুক্ত রাখার জন্য সচেষ্ট হই।

প্রচারে : পরিবেশ ভাবনা মঞ্চ,কল্যাণী, প্রগতিবার্তা পত্রিকা ,বিজ্ঞান দরবার , পরিবেশ বাস্কব মঞ্চ,বারাকপুর ,বিজ্ঞান অন্তেষক পত্রিকা ,উপরোক্ত সংস্থাগুলোর পক্ষে অনুপ মৈত্র , মহুয়া পাল, সোমা দে ও অনুপ হালদার ,কল্যাণী কতৃক প্রচারিত ও প্রকাশিত।যোগাযোগ : ৮০১৭৯৩১৫৭৭/৯১৪৩২৬৪১৫৯

E.mail: getanup2007@gmail.com করুনা প্রেস,কাঁচরাপাড়া থেকে মুদ্রিত ৫.৬.২০১৮/২০০০

৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের কর্মসূচি

- ১) সকালে ৭.৩০ মি. - ৯.৩০ মি. বৃক্ষ রোপন কর্মসূচি
স্থান : বয়সা বিল সংলগ্ন অঞ্চল, মদনপুর, নদিয়া
কল্যাণী পৌরসভা এলাকার বিভিন্ন অঞ্চলে
- ২) কল্যাণী ও মদনপুরে বিশ্ব পরিবেশ দিবসের প্রচারপত্র বিলি
- ৩) শব্দবাজি ও ডি.জে. এর বিরুদ্ধে :--
কাঁচরাপাড়া , কল্যাণী , হলিশহর , গয়েশপুর
পৌর সভা ও থানায় কাছে স্মারকলিপি প্রদান
- ৪) বিকেলে ৫টা--৬টা : ---
কাঁচরাপাড়া স্টেশনে বিশ্ব পরিবেশ দিবসের প্রচারপত্র বিলি
- ৫) সন্ধ্যা ৬টা -- ৮টা কাঁচরাপাড়া সার্কাস ময়দানে
বি.আর.আম্বেদকর গ্রিন পিস্ অরগানাইজেশন আয়োজিত
পরিবেশ দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করা হবে ।

আয়োজক : বিজ্ঞান দরবার, কাঁচরাপাড়া, পরিবেশ ভাবনা মঞ্চ, কল্যাণী,
প্রগতিবার্তা , পরিবেশ বান্ধব মঞ্চ, বারাকপুর মো. ৯৪৭৪৩৩০০৯২ / ৯১৪৩২৬৪১৫৯
E.MAIL: bijnandarbar1980@gmail.com